তারিখ 02 APR 2018
পৃষ্ঠা ২৩ কলাম ১

প্রথম আলো

# প্রশ্নপত্র ফাঁস ঠেকানোর ব্যাপক প্রস্তুতি

**আজ এইচএসসি পরীক্ষা শুরু**

১০ বোর্ডে মোট পরীক্ষার্থী ১৩ লাখ ১১ হাজার ৪৫৭ জন। ২ হাজার ৫৪১টি কেন্দ্রে অনুষ্ঠিত হবে এই পরীক্ষা।


**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

প্রশ্নপত্র ফাঁসের তিক্ত অভিজ্ঞতা নিয়ে আজ সোমবার সারা দেশে শুরু হচ্ছে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা। এসএসসির মতো এই পরীক্ষাতেও প্রশ্নপত্র ফাঁস হয় কি না, তা নিয়ে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ডগুলোর কর্মকর্তা এবং অভিভাবকদের মধ্যে উদ্বেগ রয়েছে। প্রশ্নপত্র ফাঁস রোধে সরকারের পক্ষ থেকেও বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন থেকে শুরু করে শিক্ষা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুকে প্রশ্নপত্র ফাঁসকারীদের বিরুদ্ধে কঠোর বার্তা দেওয়ার পাশাপাশি সহযোগিতা চেয়েছেন। পুলিশের পক্ষ থেকে বিভিন্ন উদ্যোগের কথা বলা হয়েছে। আজ পরীক্ষার দিন থেকে পরীক্ষা কেন্দ্রগুলোর ২০০ গজের মধ্যে জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করেছে পুলিশ।

তবে এত কড়াকড়ি অবস্থানের পরও সামাজিক যোগাযোগের মাধ্যমের কোনো কোনো গ্রুপে প্রশ্নপত্র ফাঁসের বার্তা ছড়ানো হচ্ছে বা ইঙ্গিত দেওয়া হচ্ছে। বিগত এসএসসি পরীক্ষায়ও সামাজিক যোগাযোগের মাধ্যমে আগাম ঘোষণা দিয়ে প্রশ্ন ফাঁস করা হয়েছিল। তখন ১৭ দিন লিখিত পরীক্ষা ছিল। এর মধ্যে ১২ দিনে ১২টি বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ ওঠে।

এসএসসির অভিজ্ঞতায় এবার এই পরীক্ষাকে সামনে রেখে কিছু নতুন সিদ্ধান্তসহ মোট ১৬টি পদক্ষেপ



প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে গতকাল টিএসসিতে টিআইবির মানববন্ধন। ছবি : প্রথম আলো

নেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে কোন সেট প্রশ্নপত্রে পরীক্ষা হবে, তা লটারি করে ঠিক করা হবে। পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর আধা ঘণ্টা আগে কেন্দ্রে প্রবেশ করতে হবে। যদি কোনো মুঠোফোন নম্বরে একাধিকবার একই অঙ্কের টাকার সন্দেহজনক লেনদেন হয়, তাহলে থানায় অবহিত করবেন সংশ্লিষ্ট ব্যক্তিরা। পরীক্ষা চলাকালে কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে মুঠোফোনসহ ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার নিষিদ্ধ থাকবে। এ ছাড়া পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত সব ধরনের কোচিং বন্ধ থাকবে।

**৯৯৯ নম্বরে জানানোর অনুরোধ**

শিক্ষামন্ত্রী ফেসবুকে লিখেছেন, 'এইচএসসি ও সমমানের প্রিয় পরীক্ষার্থীদের সাফল্য কামনা করছি। নকল ও প্রশ্নপত্র ফাঁসমুক্ত পরীক্ষা অনুষ্ঠানের সব প্রস্তুতি ও ব্যবস্থা নেওয়া হয়েছে। দেশবাসীর সাহায্য চাই।'

গতকাল রোববার চট্টগ্রাম শহরে চিটাগং ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, 'আশা করছি, সুষ্ঠু পরিবেশে ভালোভাবে পরীক্ষা হবে।'

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিবও ফেসবুকে একাধিক পোস্ট দিয়েছেন। তিনি কোথাও এইচএসসি পরীক্ষার প্রশ্ন কেনাবেচা ও সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস হতে দেখলে ৯৯৯-তে জানাতে অনুরোধ করেন।

**প্রশ্নপত্র ফাঁস রোধে টিআইবির ৯ সুপারিশ**

প্রশ্নপত্র ফাঁস রোধে বিদ্যমান আইন পুনরায় সংশোধন করে শাস্তির মাত্রা সর্বোচ্চ ১০ বছরের কারাদণ্ডের বিধান করাসহ ৯ দফা সুপারিশ করেছে দুর্নীতিবিরোধী সংস্থা ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। প্রশ্নপত্র ফাঁস রোধের লক্ষ্যে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসির সামনে আয়োজিত এক মানববন্ধন থেকে এই সুপারিশ করে টিআইবি। অন্য সুপারিশের মধ্যে রয়েছে কোচিং-বাণিজ্য বন্ধে শিক্ষকসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের বিভিন্ন প্রণোদনা ও সুযোগ-সুবিধা বাড়ানো, গাইড বইয়ের আদলে প্রকাশিত সহায়ক গ্রন্থগুলো বন্ধে আইনের প্রয়োগ নিশ্চিত করা ইত্যাদি। টিআইবির অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটির উদ্যোগে ঢাকার বাইরে আরও ৪৫টি অঞ্চলে একযোগে এই মানববন্ধন হয়।

**সাইফুরস কোচিংয়ে আয়কর কর্মকর্তাদের অভিযান**

সরকার কোচিং সেন্টার বন্ধের নির্দেশ দিলেও সাইফুরস কোচিং সেন্টার খোলা ছিল—এমন অভিযোগে গতকাল সাইফুরস কোচিং সেন্টারের রাজধানীর পান্থপথের করপোরেট কার্যালয়ে অভিযান চালিয়েছেন আয়কর বিভাগের কর্মকর্তারা। তবে সাইফুরসের মহাব্যবস্থাপক আনিসুল ইসলাম *প্রথম আলোকে* বলেন, তাঁদের দপ্তরে প্রায়ই আয়কর বিভাগের লোকজন আসেন। এটা নিয়মিত বিষয়।